গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ**
**(যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)**
www.jgvetcollegebd.com/www.jgve.ac.bd.

স্মারক নং জেজিভিসি/ভর্তি-২০১৭-১৮/২০১৭/৫১১ তারিখ ঃ ২৬/০৯/২০১৭ খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি (সেশনঃ ২০১৭-২০১৮ খ্রিঃ)

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন) ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

০১। ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন) কোর্সে ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত এসএমএস এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ঃ

| | | |
|---|---|---|
| আবেদনের সময়সীমা | ঃ | ১০ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ টা হতে ০৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত। |
| প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা | ঃ | ২০/১১/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ২.০০ হতে পরীক্ষার আগের দিন পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান | ঃ | ২৩ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা, কলেজ ক্যাম্পাস। |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | ঃ | ২৩ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ, বিকাল ৬.০০ ঘটিকা (২৪ ডিসেম্বর দৈনিক পত্রিকা এবং **www.jgve.ac.bd./www.dls.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে)। |
| ভর্তির তারিখ | ঃ | ৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা, কলেজ ক্যাম্পাস। |
| ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ | | ০৭/০১/২০১৮ খ্রিঃ । |

০২। **আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলী ঃ**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশী/অনাবাসিক বাংলাদেশী (NRB) ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে, তবে তাদের জন্য কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে। বিদেশী/NRB ছাত্র-ছাত্রীদের কলেজ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আবেদন করতে হবে। (খ) ২০১৬ ও ২০১৭ সালে বিজ্ঞান থেকে এইচএসসি/আলিম/'এ' লেভেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। (গ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় সকল বিষয়ে অবশ্যই ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে । (ঘ) 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেয়ে পাশ করতে হবে। (ঙ) **ভর্তি পরীক্ষার ফি- ৮০০/- (আটশত টাকা)।**

০৩। **Teletalk মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে ভর্তির আবেদন করার জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীর করণীয় ঃ**

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে **16222** নম্বরে এসএমএস করতে হবে।

খ) টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **JGVC** লিখে, স্পেস দিয়ে এইচএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পাশের সাল লিখে, স্পেস দিয়ে এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এসএসসি পাশের সাল লিখে, **16222** নম্বরে এসএমএস করতে হবে। উদাহরণঃ **JGVC JES 123456 2017 JES 123457 2015** উদাহরণটি যশোর বোর্ডের। এখানে **123456** এবং **123457** এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখতে হবে। কেউ ২০১৬ সালে এইচএসসি পাশ করে থাকলে ২০১৭ এর জায়গায় ২০১৬ লিখতে হবে। অনুরূপভাবে কেউ ২০১৪ সালে এস.এস.সি. পাস করলে ২০১৫ এর জায়গায় ২০১৪ লিখতে হবে।

কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে ঃ

নিম্নোক্ত নির্দিষ্ট কোটায় আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে নিম্নরূপে এসএমএস করতে হবে ঃ-

মুক্তিযোদ্ধার সন্তান কোটা (**FFQ**)/ উপজাতি কোটা (**TQ**)। উদাহরণঃ **JGVC JES 123456 2017 JES 123457 2015 FFQ** উদাহরণটি যশোর বোর্ডের এবং মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ)-এর জন্য। উপজাতি কোটার ক্ষেত্রে **FFQ** এর স্থলে **TQ** লিখতে হবে।

বিঃদ্রঃ কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের অবশ্যই **SMS**-এর মাধ্যমে আবেদনের সময় কোটা উল্লেখ করতে হবে। পরবর্তীতে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না।

গ) বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), মাদরাসা (MAD), রাজশাহী (RAJ), সিলেট (SYL)। ঘ) উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে এবং ভর্তির ন্যূনতম যোগ্যতা থাকলে ফিরতি এসএমএস-এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি **PIN** নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন **16222** নম্বরে আবেদনকারীকে আরেকটি

এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে JGVC লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে **PIN** নম্বর লিখে, স্পেস দিয়ে আবেদনকারীকে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোন অপারেটর এর একটি **মোবাইল নম্বর** লিখে **16222** নম্বরে এসএমএস পাঠাতে হবে। উল্লেখ্য, এসএমএস-এর ক্ষেত্রে Small বা Capital যে কোন letter ব্যবহার করা যাবে।

উদাহরণ ঃ **JGVC YES 654321 01XXXXXXXXX** এই উদাহরণের **654321** এর জায়গায় আবেদনকারীর নিজ **PIN** নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

ঙ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেওয়া হবে যেটা সযত্নে সংরক্ষণ করতে হবে। **একবার এসএমএস করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।**

০৪। **পরীক্ষার মাধ্যম ঃ**

পরীক্ষার মাধ্যম বাংলা, তবে ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক ছাত্র-ছাত্রীকে আবেদনের শেষ তারিখের পর ০৭ (সাত) দিনের মধ্যে কলেজের অধ্যক্ষ বরাবরে অনলাইনে লিখিত আবেদন করতে হবে।

০৫। **ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বর ঃ**

(ক) ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে। ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর নির্ধারণ করা হয়েছে = ১০০ ( লিখিত পরীক্ষা = ৮০ এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে = ২০)। এইচএসসিতে প্রাপ্ত জিপিএ কে ২.৫ দ্বারা গুণ করা হবে এবং এসএসসিতে প্রাপ্ত জিপিএ কে ১.৫ দ্বারা গুণ করা হবে। (খ) ভর্তি পরীক্ষায় ৮০ নম্বর (জীববিজ্ঞান = ৩০, পদার্থ বিজ্ঞান= ১৫, রসায়ন = ১৫, গণিত = ১০ ও ইংরেজী = ১০)।

০৬। প্রবেশপত্র ডাউনলোড ঃ

(ক) প্রবেশ পত্রের জন্য প্রথমে নির্দেশিত সাইজের এক কপি রঙিন ছবি (৩০০ x ৩০০ Pixel, File size less than ১০০ kb) ও Signature (৩০০ x ৮০ Pixel, File size less than ৬০ kb) স্ক্যান করাতে হবে। এরপর Desktop বা যে কোন ফোল্ডারে Save করতে হবে। Admit Card Downlod করতে http://jgvc.teletalk.com.bdতে গিয়ে প্রথমে নিজ User ID ও Password দিতে হবে। ইমপুট তথ্যাবলী সঠিক হলে Photo & Signature Upload করার Option পাওয়া যাবে। Photo (৩০০ x ৩০০ Pixel, File size less than ১০০ kb) ও Signature (৩০০ x ৮০ Pixel, File size less than ৬০ kb) Upload হলে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা ২০/১১/২০১৭ ইং তারিখ বেলা ২.০০ হতে পরীক্ষার আগের দিন পর্যন্ত। প্রবেশ পত্র সংক্রান্ত যে কোন জটিলতায় কলেজের HelpLine এ যোগাযোগ করা যাবে।

(খ) প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা SMS এর মাধ্যমে জানানো হবে।

০৭। **ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয় ঃ**

ক) সফলভাবে আবেদনকৃত ছাত্র/ছাত্রীকে ভর্তি পরীক্ষার দিনে অবশ্যই প্রবেশপত্র ও এইচএসসি/সমমান এর মূল রেজিস্ট্রেশন কার্ড সংগে নিয়ে আসতে হবে।

খ) ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সাথে নিয়ে আসতে পারবে না।

বি:দ্র: যারা কোটায় ভর্তি হতে ইচ্ছুক তারা OMR সিটের কোটার নির্ধারিত স্থান ভরাট করে চিহ্নিত করবে। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করার পর মুক্তিযোদ্ধা/আদিবাসী কোটায় যারা ভর্তি হতে ইচ্ছুক তাদের নিকট টেলিটকের মাধ্যমে এসএমএস দিয়ে/ এর মাধ্যমে কাগজপত্র আহ্বান করা হবে এবং প্রাপ্ত কাজগপত্র বাছাই শেষে তাদের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

০৮। HelpLine: অতিরিক্ত তথ্যের জন্য ০৪৫১-৬১৮০১, ০১৫৫১-২৪৪৩৫৭ (অফিস চলাকালীন সময়ে ব্যবহারের জন্য)।

২৮/১০/২০১৭

(ডা. মো. আবদুল হাই)
অধ্যক্ষ
ও সভাপতি ভর্তি কমিটি (২০১৭-২০১৮)
ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ
ঝিনাইদহ।